# বাসাইল পৌরসভা কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

## সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোছাঃ আকলিমা বেগম, প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল। |
| সভার তারিখ | : ২৫ মে ২০২৫। |
| সভার বার | : রোববার। |
| সভার সময় | : বিকেল ০৩.০০ টা। |
| সভার স্থান | : বাসাইল পৌরসভা মিলনায়তন। |
| উপস্থিতি | : হাজিরা খাতায় সংরক্ষিত। |

অদ্যকার সভা বাসাইল পৌরসভার প্রশাসক জনাব মোছাঃ আকলিমা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতে সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করতে পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গত ০৯ এপ্রিল ২০২৫, অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সকলকে শুভেচ্ছা জানান। তিনি সবাইকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০২ | আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে বাসাইল পৌর এলাকায় কোরবানীর পশুর অস্থায়ী হাট বসানো প্রসঙ্গে। | সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক বলেন, বাসাইল পৌরবাসীর জন্য কোরবানীর পশু ক্রয়-বিক্রয়ের সুবিধার পাশাপাশি বাসাইল পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে প্রতিবছরই বাসাইল পৌর এলাকার বাসাইল বাজার সংলগ্ন সরিষা হাটের খালি জায়গায় পবিত্র ঈদুল আজহা ২০২৫, উপলক্ষে কোরবানীর পশুর অস্থায়ী হাট বসানো হয়। অন্যবারের মতো এবারও হাট বসানো প্রয়োজন। এক্ষত্রে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা এর ধারা ১০ এর উপধারা ১০.২ অনুযায়ী যদি ঈদ বা অন্য কোন বিশেষ উপলক্ষে অস্থায়ী হাট-বাজার বসানোর প্রয়োজন পড়ে, তবে জেলা প্রশাসকের পূর্ব অনুমতি গ্রহণ করে প্রচলিত নীতিমালার বিধি-বিধান অনুসরণপূর্বক ইজারা প্রদানের নির্দেশনা রয়েছে।<br>প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, পৌর এলাকায় হাট বসানো হলে রাজস্ব আয় বৃদ্ধির পাশাপাশি পৌরবাসীদের কোরবানীর পশু ক্রয়ে সুবিধা হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় পশুর হাট ইজারা গ্রহণে আগ্রহী ব্যাক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে আগামী ২৭ মে ২০২৫, এর মধ্যে বাসাইল পৌরসভা কার্যালয় অথবা বাসাইল উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে আবেদন জমা করতে প্রচারণা চালানোর সিদ্ধান্ত হয়। একই সঙ্গে জেলা প্রশাসকের অনুমোদন সাপেক্ষে সরকারি নিয়ম মেনে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে কোরবানীর পশুর অস্থায়ী হাট ইজারা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০৩ | ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভা প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক বলেন, বাসাইল পৌরসভার আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রস্তুত পূর্বক নিয়ম অনুযায়ী অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পাঠানো দরকার। এজন্য পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা, শহর সমন্বয় কমিটির সভা ও প্রস্তাবিত বাজেট সভা করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের পর সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |
| ০৪ | বাসাইল পৌর এলাকায় ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ প্রসঙ্গে। | পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, বাসাইল পৌর এলাকা ডেঙ্গুর প্রাদুর্ভাব মুক্ত রয়েছে। পৌরবাসীকে এ বিষয়ে নানাভাবে সচেতন রাখার চেষ্টা চলছে। পৌর এলাকা ডেঙ্গু মুক্ত রাখতে সরকারি সকল | বিস্তারিত আলোচনায় বাসাইল পৌর এলাকা ডেঙ্গু রোগমুক্ত রাখতে সরকারি নির্দেশনা বাস্তবায়নসহ স্প্রে প্রদান কার্যক্রম অব্যাহত | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৫ | বাসাইল পৌর এলাকার বাসাইল কাঁচা বাজারে থাকা ল্যাট্রিন সংস্কার প্রসঙ্গে। | প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য বাসাইল থানার অফিসার ইন-চার্জ জনাব মো. জালাল উদ্দিন বলেন, বাসাইল পৌর এলাকার কাঁচাবাজারে থাকা ল্যাট্রিন ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। জনসাধারণের সুবিধার্থে জরুরী ভিত্তিতে ল্যাট্রিন সংস্কার করা প্রয়োজন।<br>সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, কাঁচাবাজের থাকা ল্যাট্রিনটির পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ রয়েছে। পয়ঃবর্জ্য নিষ্কাশনের সুবিধা খুবই নাজুক অবস্থায় রয়েছে। ড্রেনের সঙ্গে কোন প্রকার সংযোগও নেই। বিধায় জনসাধারণ ল্যাট্রিনটি ব্যবহার করতে পারছেন না।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় ব্যবসায়ী ও এলাকাবাসীর সুবিধার্থে জরুরী ভিত্তিতে ল্যাট্রিনটি সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |
| ০৬ | পৌরকর আদায়ের জন্য ক্যাম্পেইন প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান, বাসাইল পৌর এলাকার খেলাপী হোল্ডিং মালিকদের কাছ থেকে পৌরকর আদায়ের জন্য বাড়ি বাড়ি গিয়ে কর আদায় কার্যক্রম চলমান আছে। হোল্ডিং মালিকদের কাছে বকেয়া ও চলতি দাবী উল্লেখ পূর্বক চলতি অর্থ বছরে কয়েকবার করে নোটিশ প্রদান করা হয়েছে। তারপরও শতভাগ পৌরকর আদায় হচ্ছে না। এজন্য অন্যবারের মতো এবারও পৌরকর আদায়ের নিমিত্তে সকল ওয়ার্ডে ক্যাম্পেইন করা জরুরী।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় আগামী জুন মাসের মাঝামাঝি সময় থেকে পৌরকর আদায়ে পৌর এলাকার সকল ওয়ার্ডে ক্যাম্পেইন করার সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০৭ | পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্যগণের সহযোগী কর্মচারীদের যাতায়াত বিল প্রদান প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান, বাসাইল পৌরসভা কার্যালয় থেকে বিভিন্ন ধরণের প্রত্যয়ন পত্র, নাগরিক সনদ, জন্ম-মৃত্যু সনদ, ওয়ারিশান সনদ, পারিবারিক সনদ, ট্রেড লাইসেন্স, নামজারিসহ বিভিন্ন সনদ প্রদানের ক্ষেত্রে পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্যগণের সঙ্গে যেসব কর্মচারী সহযোগী হিসেবে তদন্তসহ বিভিন্ন কাজ করছেন তাদের যাতায়াত বিল বাবদ অর্থ প্রদানের জন্য মৌখিক অনুরোধ করেছেন।<br>আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। তবে পৌর এলাকাধীন তদন্ত কাজের ক্ষেত্রে যাতায়াত বিল প্রদানের সরকারি বিধান রয়েছে কিনা বা জেলার অন্য কোন পৌরসভা থেকে একাজে যাতায়াত বিল পরিশোধ করা হচ্ছে কিনা তা খোঁজ নিয়ে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় সরকারি নিয়ম মানার পাশাপাশি জেলার অন্য কোন পৌরসভায় সহযোগী কর্মচারীদের যাতায়াত বিল প্রদান করা হয় কিনা তা জেনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০৮ | বিবিধ। | ক. আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, বাসাইল পৌর এলাকার উপর দিয়ে টাঙ্গাইল-বাসাইল-সখীপুর সড়কসহ কয়েকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সড়ক রয়েছে। এই সড়ক দিয়ে বাসাইলসহ পার্শ্ববর্তী উপজেলাগুলোর মানুষ জেলা সদর কিংবা ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে যাতায়াত করতে বাসাইল বাসস্ট্যান্ড ব্যবহার করে থাকেন। কিন্তু বাসস্ট্যান্ডে কোন প্রকার যাত্রী ছাউনী কিংবা ল্যাট্রিন না থাকায় জনসাধারণ বিশেষ করে নারী ও শিশুরা চরম দুর্ভোগের শিকার হন। এজন্য পৌর এলাকার বাসাইল বাসস্ট্যান্ডে জরুরী ভিত্তিতে যাত্রী ছাউনী ও ল্যাট্রিন নির্মাণের উদ্যোগ নেয়া প্রয়োজন। এক্ষেত্রে জমি কিংবা আর্থিক বরাদ্দের জন্য টাঙ্গাইল জেলা পরিষদ এবং টাঙ্গাইল সড়ক ও জনপথ বিভাগের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন।<br>খ. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর | ক. বিস্তারিত আলোচনায় পৌর এলাকার বাসাইল বাসস্ট্যান্ড এলাকায় যাত্রী ছাউনী, ল্যাট্রিন নির্মাণের নিমিত্তে জমি ও আর্থিক বরাদ্দের জন্য টাঙ্গাইল জেলা পরিষদ এবং টাঙ্গাইল সড়ক ও জনপথ বিভাগের সঙ্গে যোগাযোগের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ. বিস্তারিত আলোচনায় | ক. সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক বলেন, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৪, তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২৪, এর অফিস আদেশ মোতাবেক উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা সমূহের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সদস্যবৃন্দ প্রতিটি সভার জন্য উৎসে কর কর্তণ সাপেক্ষে পৌরসভার আয় অনুযায়ী অনধিক ৩ হাজার টাকা সম্মানী পাবেন বলে উল্লেখ করা হয়েছে। গত ০২ অক্টোবর ২০২৪, অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক বাসাইল পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সদস্যবৃন্দ প্রতিটি সভার জন্য উৎসে কর কর্তণসহ ২ হাজার টাকা হিসেবে সম্মানী গ্রহণ করতেন। পৌর-১ শাখার উল্লেখিত অফিস আদেশ মোতাবেক সদস্যবৃন্দকে উৎসে কর কর্তণসহ ৩ হাজার টাকা সম্মানী প্রদানের বিষয়ে আলোচনা করা যেতে পারে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | পরবর্তী সভা থেকে পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সদস্যবৃন্দদের প্রতিটি সভার জন্য উৎসে কর কর্তণসহ ৩ হাজার টাকা সম্মানী প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | খ. পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৫.২০২৫
(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-০৮(অংশ-১)/২০১৫-১৯৮ তারিখ : ২৫.০৫.২০২৫।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. জনাব ..........................................................................................., সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৪. পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৫. হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. অফিস নথি।

(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।